গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.২০১৯/ ১৪ তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ০৩/২০২৩)**

**বিষয়ঃ "Professional Coffee Grinder" নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ North End (Pvt.) Ltd. এর ২৩/১০/২০২২ খ্রিঃ তারিখের আবেদন।

North End (Pvt.) Ltd. নামক প্রতিষ্ঠান "Professional Coffee Grinder" নামক পণ্যের শ্রেণিবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | North End (Pvt.) Ltd. |
| আবেদনকারীর ঠিকানা | North End (Pvt.) Ltd., Kha-47-1, Pragati Sharani, Shahjadpur, Gulshan, Dhaka-1212. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Professional Coffee Grinder |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Unit |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | Italy |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণিবিন্যাস | 8438.80.00 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Professional Coffee Grinder পণ্যটি Coffee Shop এ ব্যবহৃত হবে। পণ্যটি Unit হিসেবে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারকের চাহিত এইচ এস কোড 8438.80.00 যা Bangladesh Customs Tariff Schedule এ Other machinery হিসেবে উল্লেখ করা আছে। The Explanatory Notes of the Harmonized System 2022 edition (HS) by World Customs Organization এ Other machinery হিসেবে শ্রেণিবিন্যাসযোগ্য পণ্যের তালিকায় Coffee bean husking or hulling machines উল্লেখ করা হয়েছে (page XVI-8438-8)। আমদানিকারকের ঘোষণা অনুযায়ী আমদানিতব্য পণ্যটি Coffee grinding machine এবং Coffee bean husking or hulling machines নয়। এমনকি পণ্য Coffee roasting machine ও নয়। অপরদিকে এইচ এস কোড 8509. 40.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য পণ্য হিসেবে food grinders and mixer এর উল্লেখ আছে এবং উদাহরণ হিসেবে Coffee উল্লেখ আছে। এমতাবস্থায়, Explanatory Notes এর ব্যাখ্যা অনুযায়ী পণ্যটি এইচ এস কোড 8509. 40.00 তে শ্রেণিবিন্যাসযোগ্য হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিয় পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাঃ/১৫/০১/২০২৩

(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.২০১৯/ ১৪(২৮) তারিখ: ১৫ জানুয়ারি, ২০২৩ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।

২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৬। সত্ত্বাধিকারী, North End (Pvt.) Ltd., Kha-47-1, Pragati Sharani, Shahjadpur, Gulshan, Dhaka-1212.

২৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

২৮। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

১৫/০১/২৩

(মুকিতুল হাসান)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com